

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পানি সম্পদ মন্ত্রণালয়  
পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা  
[www.mowr.gov.bd](http://www.mowr.gov.bd)

বিষয় : “৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্প বাস্তবায়নে উদ্ভূত সমস্যা  
পর্যালোচনা ও ইহার কার্যকর সমাধান বিষয়ে সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব কবির বিন আনোয়ার, সচিব
তারিখ	:	৩০ জুন ২০১৯
স্থান	:	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ
সময়	:	বেলা ১১.০০ টা
উপস্থিত সদস্যবৃন্দঃ	:	পরিশিষ্ট ‘ক’।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, প্রাকৃতিকভাবে বাংলাদেশের নদীগুলো বিপুল পরিমাণ পলি (Sediment) বহন করে এবং পলি জমার ফলে নদীর পানি ধারণ ক্ষমতা কমে যায়। ড্রেজিং বা পুনঃখননের মাধ্যমে নদীগুলোর স্বাভাবিক পানি প্রবাহ বজায় রাখা তথা ইকো-সিস্টেম পুনরুদ্ধার করার উপর তিনি বিশেষ গুরুত্বারোপ করেন। “৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বাংলাদেশ ডেল্টা প্লান-২১০০ বাস্তবায়নের প্রথম পদক্ষেপ। দেশের সার্বিক অগ্রগতির জন্যে মাননীয় প্রধানমন্ত্রীর আন্তরিক আশা আকাঙ্ক্ষা ও সোনার বাংলা গড়ার প্রত্যয়ের প্রতি তিনি আলোকপাত করেন। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল পর্যায়ের কর্মকর্তারা নিষ্ঠা ও সক্রিয়তার সাথে তাদের দায়িত্ব পালন করে যাবেন।

০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, নীলফামারী জেলার কিশোরগঞ্জ ও জলঢাকা উপজেলার উপর দিয়ে প্রবাহিত ধাইজান নদীর দৈর্ঘ্য ২৮.৩৮ কিমিঃ এবং এটি দড়িভেজা বিল নামক জলাভূমি থেকে উৎপত্তি হয়ে যমুনেশ্বরী নদীতে পতিত হয়েছে। নদীটির পুনঃখনন কাজ সম্পন্ন হলে এবং বর্ষার শুরুতে পানি প্রবাহ হলে দেখা যায় যে, ধাইজান নদীর উপর নির্মিত সেতু ও কালভার্টগুলির Foundation এর নীচ দিয়ে Sub surface flow হচ্ছে এবং Foundation এর তলার মাটি সরে যাচ্ছে। কয়েকটি স্থানে এ অবস্থা বর্তমানে আশংকাজনক। এর ধারাবাহিকতায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের যুগ্ম প্রধান আলোচনায় অংশ নিয়ে জানান যে, সম্প্রতি গোটা দেশে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে জাইকা সাহায্যপুষ্ট সর্বোচ্চ ১৫ মিঃ দৈর্ঘ্য বিশিষ্ট এবং ১২ ফুট উচ্চতার বহু সংখ্যক সেতু/কালভার্টের দরপত্র গ্রহণ করা হচ্ছে, যার একটি বড় অংশ উপর্যুক্ত প্রকল্পের ছোট নদী, খাল এবং জলাশয় এর উপর নির্মাণ করা হবে। বিষয়টি নিয়ে বাপাউবো এর চীফ প্ল্যানিং, বিআইডব্লিউটিএ এর প্রতিনিধি এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ের প্রতিনিধি বিস্তারিত আলোচনা করেন। তারা অবকাঠামোর মধ্য দিয়ে প্রবাহিত সর্বোচ্চ পানি প্রবাহ, নৌ যোগাযোগের বিষয় বিবেচনায় নিয়ে এ সব খাল/নদীর উপর নির্মিতব্য সকল সেতু/কালভার্টের নকশা তৈরী করার জন্য অনুরোধ করেন। এরই ধারাবাহিকতায় সভার সভাপতি পুনঃখননকৃত ছোট নদী/খালের উপর নির্মিত ও নির্মিতব্য ব্রিজ/কালভার্টের ফাউন্ডেশনের stability, ব্রিজ বা কালভার্টের উপযোগিতা, ব্রিজ কোড অনুসরণপূর্বক ব্রিজ/কালভার্ট নির্মাণ বিষয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহবানের পরামর্শ দেন।

০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় জানান যে, অত্র প্রকল্পের আওতাধীন ছোট নদী/খালের গতিপথের মধ্যে ব্যক্তি মালিকানাধীন জমি বিদ্যমান থাকায় পুনঃখনন কাজ বাধাগ্রস্ত হচ্ছে। এরই ধারাবাহিকতায় প্রকল্প পরিচালক জানান যে, নদী/খালের দুই পাড়ে অবৈধ স্থাপনা এবং নদী/খালের গতিপথের মধ্যে হাইওয়ে, গ্রামীণ ফোন টাওয়ার, পিডিবি বৈদ্যুতিক খুঁটি নির্মিত হওয়ায় প্রকল্পের কাজ ব্যাহত হচ্ছে। সভার সভাপতি নদী/খালের গতিপথের মধ্যে গ্রামীণ ফোন টাওয়ার, পিডিবি বৈদ্যুতিক খুঁটি, ব্যক্তি মালিকানাধীন জমি, হাইওয়ে এবং নদী/খালের দুই পাড়ে অবৈধ স্থাপনা অপসারণ বিষয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহবানের উপর অভিমত ব্যক্ত করেন।

